# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় ঃ** হিসাববিজ্ঞান ২য় পত্র **(সৃজনশীল)** বিষয় কোড | ২ | ৫ | ৪ |

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

## ক বিভাগ

১.▶ সবুজ বাংলা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১২,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ারে বিভক্ত। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে কোম্পানির রেওয়ামিল (আংশিক) নিম্নরূপ—

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| ৬% বিনিয়োগ (১-১-২০১৫) | ১,৬০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৩৭,০০০ |
| সুনাম | ১,১৫,০০০ | |
| ভূমি ও দালান | ২,৭০,০০০ | |
| কলকব্জা | ৩,২২,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৮০,০০০ | |
| নগদ | ৭,৫০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩৭,১০০ | ৪০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩৩,০০০ |
| আয়কর | ১৭,০০০ | |
| রক্ষিত আয় বিবরণী (১-১-২০১৫) | | ৪৮,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৫২,০০০ |
| শেয়ার অধিহার | | ২৪,০০০ |
| দায় গ্রাহকের মজুরি | ২৮,০০০ | |
| দাবিমুক্ত লভ্যাংশ | | ২,৬০০ |
| | ১০,৩৬,৬০০ | ১০,৩৬,৬০০ |

অন্যান্য তথ্য: ১. নিট লাভের ১০,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর করো। ২. শেয়ার অধিহার দ্বারা সুনাম অবলোপন করো। ৩. শেয়ার প্রতি ২ টাকা লভ্যাংশ ঘোষণা করো। ৪. দাবিমুক্ত লভ্যাংশের অর্ধেক অবলোপন করো। ৫. আয়কর ফেরত ৭,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি।

https://teachingbd24.com

| | | |
|---|---|---|
| ক. | নিট লাভ ৩৭,০০০ টাকা ধরে পরিশোধ মুনাফা নির্ণয় করো। | ২ |
| খ. | নিট লাভ ৩৭,০০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। | ৪ |
| গ. | কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে দায় ও মালিকানা স্বত্ব উপস্থাপন করো। | ৪ |

২. ► **মিতালী লিমিটেড**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,৮০,০০০ | শেয়ার মূলধন (বিলিকৃত ও তলবকৃত ৬,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা) | ৬,০০,০০০ |
| পণ্য ফেরত | ৪,০০০ | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৮০,০০০ | | |
| পরিবহন | ৩৬,০০০ | সাধারণ সঞ্চিতি | ৫৮,০০০ |
| মজুরি | ৯৬,৬০০ | প্রদেয় হিসাব | ৩০,০০০ |
| বেতন | ৬০,০০০ | বিক্রয় | ১১,৫০,০০০ |
| মনিহারি | ৩০,০০০ | প্রদেয় নোট | ৮,০০০ |
| সরঞ্জাম | ২,২০,০০০ | পণ্য ফেরত | ১০,০০০ |
| কলকব্জা | ২,৮০,০০০ | অবচয় সঞ্চিতি-সরঞ্জাম | ১২,০০০ |
| অনাদায়ী পাওনা | ৬,৪০০ | অবচয় সঞ্চিতি-কলকব্জা | ৪০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৩৯,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৮,০০০ |
| আয়কর | ৬,০০০ | বিনিয়োগের সুদ | ৪,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৯,০০০ | | |
| ৮% বিনিয়োগ | ৬০,০০০ | | |
| অনাদায়ী তলব | ১৩,০০০ | | |
| | ১৯,২০,০০০ | | ১৯,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** ১. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছিল ১,৩২,০০০ টাকা কিন্তু পরবর্তীতে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। বিমা কোম্পানি ১৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে স্বীকৃত হয়েছে। ২. প্রারম্ভিক মজুদের মধ্যে ৮,০০০ টাকার মনিহারি ক্রয় অন্তর্ভুক্ত আছে। মনিহারির অর্ধাংশ ব্যবহৃত হয়েছে। ৩. মুনাফাবিহীন বিক্রয়ের পরিমাণ ৪৮,৭০০ টাকা। ৪. সরঞ্জাম ও কলকব্জার ক্রমহ্রাসমান জের-এর ওপর ১০%

https://teachingbd24.com

হারে অবচয় ধার্য করতে হবে। ৫. আদায়কৃত মূলধনের ১০% বার্ষিক লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৬. নিট লাভের ৮,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে এবং ১১,০০০ টাকা লভ্যাংশ সমতাকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. সরঞ্জাম ও কলকব্জার ওপর অবচয়ের পরিমাণ দেখাও। ২

খ. চলতি বছরের মোট লাভ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ১,৭০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি করো। ৪

## খ বিভাগ

৩.▶ শোয়েব লি.-এর একটি তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো:

| বিবরণ | ২০১৬ | ২০১৫ |
|---|---|---|
| **সম্পদসমূহ :** | | |
| নগদ | ৩৮,০০০ | ৪৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪১,৫০০ | ৫২,০০০ |
| মজুদ পণ্য | ১,৬৯,২০০ | ১,৬০,০০০ |
| জমি | ১,০০,০০০ | ১,৩০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,২৮,০০০ | ৩,৫৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি | (১,০৫,০০০) | (৭৫,০০০) |
| | ৬,৭৯,৭০০ | ৬,৭০,০০০ |
| **দায় ও শেয়ারহোল্ডারদের স্বত্ব** | | |
| প্রদেয় হিসাব | ৩৫,৭০০ | ৪০,০০০ |
| প্রদেয় বন্ড | ২,৫০,০০০ | ৩,০০,০০০ |
| সাধারণ শেয়ার | ২,০০,০০০ | ১,৫০,০০০ |
| সংরক্ষিত আয় | ১,৯৪,০০০ | ১,৮০,০০০ |
| | ৬,৭৯,৭০০ | ৬,৭০,০০০ |

অতিরিক্ত তথ্য: ১. ২০১৬ সালের নিট মুনাফা ৩৮,০০০ টাকা। ২. নগদ লভ্যাংশ প্রদান ২৪,০০০ টাকা। ৩. বহিঃমূল্যে জমি বিক্রয় করা হয়েছে। ৪. যন্ত্রপাতি ক্রয় করা হয়েছিল ৯৫,০০০ টাকা। এছাড়া ৮,১০০ টাকায় একটি যন্ত্র বিক্রয় করা হয় যার প্রকৃত ক্রয়মূল্য ছিল ২২,০০০ টাকা এবং বইমূল্য ছিল ১০,০০০ টাকা। ৫. চলতি বছরে অবচয় ছিল ৪২,০০০ টাকা। ৬. ৫০,০০০ টাকার বন্ড ১ টাকা সমমূল্যের ৫০,০০০ শেয়ারে রূপান্তর করা হয়।

ক. যন্ত্রপাতি বিক্রয়জনিত লাভ বা ক্ষতি নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ ৭৩,৯০০ টাকা ধরে পরোক্ষ পদ্ধতিতে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৪. ▶ লিমা কোম্পানি লি.-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্ত ও অন্যান্য তথ্য নিম্নে প্রদান করা হলো:

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৬,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার মূলধন | ৩,০০,০০০ | কলকব্জা | ২,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৭,০০০ | আসবাবপত্র | ৬৫,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ১২% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৯০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | প্রাপ্য নোট | ১,০০,০০০ |
| প্রদেয় নোট | ৪০,০০০ | হাতে নগদ | ১০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ | প্রাথমিক খরচাবলি | ১,৪২,০০০ |
| | ১৫,০৭,০০০ | | ১৫,০৭,০০০ |

ক. মালিকানা স্বত্ব নির্ণয় করো। ২

খ. মন্তব্যসহ চলতি অনুপাত ও তড়িৎ অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক অবস্থার ওপর মন্তব্য করো। ৪

Teachingbd24.com

৫. ▶ মন্টু নামের একজন শ্রমিককে ৫০ ঘণ্টার সপ্তাহে ঘণ্টায় ২০ টাকা হারে মজুরি দেওয়া হলো। তাকে মজুরির ২০% মহার্ঘ ভাতা, নিয়মিত মজুরি ও মহার্ঘ ভাতার ২০% নগর ভাতা এবং নিয়মিত মজুরির ৫০% বাড়িভাড়া ভাতা বাবদ প্রদান করা হয়। ওভারটাইমের জন্য নিয়মিত সময়ের দ্বিগুণ হারে মজুরি প্রদান করা হয়। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকর্তা ও কর্মচারী নিয়মিত মজুরির ১০% দান করেন। নিয়োগকর্তা ও কর্মচারী নিয়মিত মজুরির ২% যৌথবিমা তহবিল এবং কল্যাণ তহবিলে ৩% দান করেন। ঐ সপ্তাহে মোট ৬৫ ঘণ্টা কাজ হয়।

ক. শ্রমিকের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় করো। ২

খ. শ্রমিকের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মোট কর্তনসহ নিট মজুরির পরিমাণ নির্ণয় করো। ৪

৬. ▶ ঢাকা ক্লাব-এর প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

ঢাকা ক্লাব

প্রাপ্তি ও প্রদান হিসাব

ডেবিট 2014 সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যালেন্স বি/ডি | ২৫,০০০ | বেতন | ২২,৫০০ |
| চাঁদা (নিয়মিত সদস্য) | ২০,০০০ | ভাড়া | ১৭,০০০ |
| চাঁদা (আজীবন সদস্য) | ৪০,০০০ | মনিহারি | ২,৫০০ |
| বিনিয়োগের সুদ | ২,৮০০ | আসবাবপত্র | ৭,০০০ |
| অনুদান | ৭,৩০০ | বিশেষ তহবিল হতে অনুদান মঞ্জুর | ১,০০০ |
| চা চক্র হতে মুনাফা | ২,৯০০ | ব্যালেন্স সি/ডি (৩১-১২-১৪) | ৪৯,২০০ |
| বিশেষ তহবিলে অনুদান | ১,২০০ | | |
| | ৯৯,২০০ | | ৯৯,২০০ |

অন্যান্য তথ্য : ১. ০১-০১-১৪ তারিখে দালানকোঠা হিসাবের উদ্বৃত্ত ছিল ২৫,০০০ টাকা এবং আসবাবপত্র হিসাবের উদ্বৃত্ত ছিল ৮,০০০ টাকা। এই সকল সম্পত্তির ওপর যথাক্রমে ২০% ও ৭½% অবচয় ধার্য করতে হবে। এই তারিখে বিনিয়োগ হিসাবে উদ্বৃত্ত ছিল ৬০,০০০ টাকা যার ওপর ১০% হারে সুদ ধরতে হবে। তাছাড়া উক্ত তারিখে বিশেষ তহবিলের উদ্বৃত্ত ছিল ৫,০০০ টাকা। ২. অনুদান বাবদ প্রাপ্ত সমুদয় অর্থ দ্বারা দুর্গত জনসাধারণের জন্য একটি ত্রাণ তহবিল গঠন করতে হবে। ৩. বেতন বাবদ ২,৫০০ টাকা বকেয়া রয়েছে, পক্ষান্তরে ভাড়া ২,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। ৪. মনিহারি মজুদ ০১-০১-১৪ তারিখে ১,৫০০ টাকা এবং ৩১-১২-১৪ তারিখে ২,০০০ টাকা।

ক. মনিহারি খরচ হিসাবে কত টাকা আয়-ব্যয় হিসাবে প্রদর্শিত হবে? ২

খ. ঢাকা ক্লাব-এর আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. প্রারম্ভিক মূলধন ১,১৪,৫০০ টাকা ধরে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ঢাকা ক্লাব-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৭.▶ প্রাণ কোম্পানি লিমিটেডের প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানির ৮,০০০ খানি শেয়ার প্রতি শেয়ার ১৫% প্রিমিয়ামে জনসাধারণের নিকট বিতরণের উদ্দেশ্যে বিবরণপত্র বিলি করে। কোম্পানি সর্বমোট ৯,০০০ খানি শেয়ারের আবেদনপত্রের অর্থ পেল। অতিরিক্ত শেয়ার আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়া হলো। শেয়ার প্রতি ১ টাকা করে অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় করো। ২

https://teachingbd24.com

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৯,০৮,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৮. ▶ সেতু ট্রেডার্সের নিকট বছরের শুরুতে ৮ টাকা দরে ৪০০ একক পণ্য মজুদ ছিল। সারা বছর সেতু ট্রেডার্সের ক্রয়ের পরিমাণ ছিল নিম্নরূপ :

ফেব্রু. ২৫ ৯ টাকা দরে ৬০০ একক।
মে ১০ ১০ টাকা দরে ৫০০ একক।
জুলাই ২০ ১১ টাকা দরে ৩০০ একক।
নভে. ১৫ ১২ টাকা দরে ২০০ একক।

সারা বছর বিক্রয়ের পরিমাণ প্রতি একক ২০ টাকা করে ১,৫০০ একক।

ক. সেতু ট্রেডার্সের সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় করো। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী তৈরি করে মোট মুনাফা নির্ণয় করো। ৪

৯. ▶ 'ফেয়ারটেক্স লিমিটেড' একটি রপ্তানিমুখী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদন ব্যবস্থাপক জনাব আলমাম হোসেন। ২০১৬ সালের ৩০ জুন তারিখে উৎপাদন ব্যবস্থাপক উৎপাদন বাজেট তৈরি করার জন্য নিম্নবর্ণিত তথ্যাবলি সংগ্রহ করেন :

| পণ্য | বিক্রয় বাজেট (একক) | বিক্রয়মূল্য | মজুদ অনুমান (একক) | |
|---|---|---|---|---|
| | | | জুলাই ০১, ২০১৬ | জুন ৩০, ২০১৭ |
| শার্ট | ৩,২০০ | ২৫০ | ২৮০ | ৩৬০ |
| প্যান্ট | ৭,০০০ | ২৪০ | ৩১৫ | ৩৫৫ |
| পলো T-Shirt | ৪,০০০ | ২২৫ | ৩৬০ | ৩১০ |

ক. পণ্যগুলোর বিক্রয় লক্ষ্যমাত্রার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উৎপাদন বাজেট প্রস্তুত করো। ৪

গ. বিক্রয় বাজেটের সাথে উৎপাদন বাজেটের মধ্যকার সম্পর্ক শতকরায় প্রকাশ করো। ৪

১০. ▶ ২০১৫ সালে R.F.L ব্রিকস্ লি. ৩,৫০,০০০ ইট প্রস্তুতের জন্য নিম্নলিখিত খরচসমূহ সম্পাদন করে:

https://teachingbd24.com

| বিবরণ | টাকা |
|---|---|
| মাটির মজুদ (০১.০১.২০১৫) | ৩,৬০,০০০ |
| মাটি ক্রয় | ২১,৪০,০০০ |
| মাটির মজুদ (৩১.১২.২০১৫) | ২,০০,০০০ |
| মাটির বহন খরচ | ১,৫০,০০০ |
| শ্রমিকের মজুরি | ১,০০,০০০ |
| কয়লা ক্রয় | ৩,০০,০০০ |
| অফিসের ভাড়া | ১,২০,০০০ |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ | ৭৫,০০০ |
| মাটি ছানা খরচ | ২৫,০০০ |
| বিক্রয়কেন্দ্রে ইট আনার খরচ | ৫০,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪৫,০০০ |
| বিক্রয়কেন্দ্রের ভাড়া | ৬০,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ২৫,০০০ |
| ম্যানেজারের বেতন | ১,০০,০০০ |
| তৈরি ইট (০১.০১.২০১৫) ২,০০০ টি | ২০,০০০ |
| তৈরি ইট (৩১.১২.২০১৫) ৫০,০০০ টি | ? |
| মুনাফা (বিক্রয়মূল্যের ওপর) | ২০% |

ক. ২০১৫ সালে বিক্রীত ইটের সংখ্যা নির্ণয় করো। ২

খ. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. R.F.L ব্রিকস লি.-এর প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১. ▶ রিয়াজ, তনু ও তন্ময় একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ৩১-১২-২০১৬ তারিখে উত্তোলন, লাভের অংশ ও বেতন বাবদ প্রয়োজনীয় সমন্বয়ের পর তাদের মূলধনের পরিমাণ দাঁড়ায় রিয়াজ ৮০,০০০ টাকা, তনু ৭০,০০০ টাকা, তন্ময় ৬০,০০০ টাকা। পরবর্তীতে দেখা যায়, মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ সমন্বয়করণ বাদ পড়েছে। অংশীদারদের সারা বছরে মোট উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে রিয়াজ ১০,০০০ টাকা; তনু ১২,০০০ টাকা এবং তন্ময় ১৫,০০০ টাকা।

তন্ময়ের মাসিক বেতন ৩,০০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের পূর্বে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ হয়েছিল ৬০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. যেখানে আয় ও ব্যয় সমান সে বিন্দুকে কী বলে?
ক মুনাফা কেন্দ্র খ সমচ্ছেদ বিন্দু
গ ব্যয় কেন্দ্র ঘ বিক্রয় কেন্দ্র

২. উৎপাদন বাজেটের সীমা নির্ধারণের সময় বিবেচনায় রাখতে হবে—
i. ক্রেতার চাহিদা ii. প্রবন্ধ ক্ষমতা
iii. প্রতিষ্ঠানের নীতিমালা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. উৎপাদন বাজেট প্রদর্শন করছে বাজেটিকৃত বিক্রয়ের পরিমাণ ৩২,০০০ একক। তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ ৫,৬০০ একক। উৎপাদন লক্ষ্যমাত্রা ৩৩,৬০০ একক। তৈরি পণ্যের প্রত্যাশিত সমাপনী মজুদের পরিমাণ কত?
ক ৪,০০০ একক খ ৫,৬০০ একক
গ ৬,৪০০ একক ঘ ৭,২০০ একক

৪. ১৯৩২ সালের কোন ধারায় অংশীদারি কারবারের কথা বলা হয়েছে?
ক ২ ধারা খ ৩ ধারা
গ ৪ ধারা ঘ ৬ ধারা

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
আদি ও বদি একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। সারা বছরে তাদের মুনাফার পরিমাণ ৯১,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করা হয়। ১ জানুয়ারি আদির মূলধন ছিল ১০,০০,০০০ টাকা এবং বদির ছিল ৪,০০,০০০ টাকা।

৫. মূলধন অনুসারে তাদের লাভ-ক্ষতির অনুপাত কত?
ক ২ : ১ খ ৫ : ৩
গ ৫ : ২ ঘ ১ : ১

৬. মূলধন অনুসারে লাভের কত টাকা বদি পাবে?
ক ১৩,০০০ খ ২৬,০০০
গ ৫২,০০০ ঘ ৬৫,০০০

৭. কোনটিকে ব্যবসায়ের প্রতিচ্ছবি বলা হয়?
ক রেওয়ামিল
খ আর্থিক বিবরণী
গ ব্যাংক সমন্বয় বিবরণী
ঘ নগদ প্রবাহ বিবরণী

৮. চালানি কারবারে প্রেরিত পণ্য ১০,০০০ টাকা। বিক্রয় প্রতিনিধির কমিশন ২০%, প্রেরিত পণ্যের বিক্রয়মূল্য ১২,০০০ টাকা হলে, ক্ষতি হবে—
ক ৪০০ টাকা খ ৫০০ টাকা
গ ৬০০ টাকা ঘ ৭০০ টাকা

৯. সরকারি কোম্পানিতে শতকরা কমপক্ষে কতভাগ মালিকানা সরকারের কাছে থাকবে?
ক ৪৯ ভাগ খ ৫০ ভাগ
গ ৫১ ভাগ ঘ ১০০ ভাগ

১০. ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান—
i. কর্মীদের জন্য উপার্জন
ii. কর্মীর জন্য কর্তন
iii. উপার্জন ও কর্তন
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

১১. পণ্য দ্রব্য ক্রয় করলে অবিরত মজুদ তালিকা পদ্ধতিতে কী হিসাবে লিখতে হয়?
ক ক্রয় হিসাব খ মজুদ পণ্য হিসাব
গ পণ্য দ্রব্য হিসাব ঘ প্রারম্ভিক মজুদ হিসাব

১২. একটি পণ্যের প্রারম্ভিক মজুদ ৭০০ একক ৫ টাকা করে, চলতি মাসে ক্রয় ৫০০ একক ৮ টাকা করে; বিক্রয় ৮০০ একক ১০ টাকা করে হলে আগে আসে আগে যায় পদ্ধতিতে সমাপনী মজুদের মূল্য কত টাকা দেখাতে হবে?
ক ৫,০০০ খ ৪,৩০০
গ ৪,০০০ ঘ ৩,২০০

১৩. কোম্পানির মূলধনকে কতকগুলো সমান অঙ্কের ক্ষুদ্র এককে ভাগ করা হয়। -এরূপ প্রত্যেকটি একককে কী বলে?
ক শেয়ার খ ঋণপত্র
গ বন্ড ঘ প্রত্যয়নপত্র

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
মানিক, রতন ও মৃণাল তিন বন্ধু আশা লিমিটেড নামে একটি কোম্পানি গঠন করতে চায়। এ উদ্দেশ্যে নিম্নরূপ খরচসমূহ সংঘটিত হয়:
কোম্পানি গঠন সংক্রান্ত গবেষণা ও পরিকল্পনা প্রণয়ন খরচ ১০,০০০ টাকা, কোম্পানি গঠন সংক্রান্ত গুরুত্বপূর্ণ সভায় খরচ হয় ১৫,০০০ টাকা, স্মারকলিপি তৈরিতে খরচ হয় ৫০,০০০ টাকা, পরিমেল নিয়মাবলির খরচ ৩০,০০০ টাকা, নিবন্ধন ও অন্যান্য ব্যয় ২০,০০০ টাকা এবং প্রচারপত্র বিলি খরচ ৭০,০০০ টাকা। অতঃপর কোম্পানিটি গঠিত হয়।

১৪. কোম্পানি গঠনের প্রাথমিক খরচাবলি কত?
ক ১০,০০০ টাকা খ ৭৫,০০০ টাকা
গ ১,০৫,০০০ টাকা ঘ ১,২৫,০০০ টাকা

Teachingbd24.com

১৫. কোম্পানির সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর প্রাথমিক খরচাবলির ৫% অবলোপনের সিদ্ধান্ত নিলে কী ঘটবে?

i. নিট মুনাফা ৬,২৫০ টাকা হ্রাস পাবে
ii. মোট খরচ ৬,২৫০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট মুনাফা ৫,২৫০ টাকা বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. আয় ব্যয় বিবরণীতে স্থান পায়—

i. মুনাফা জাতীয় বকেয়া লেনদেন
ii. মুনাফা জাতীয় নগদ লেনদেন
iii. মূলধন জাতীয় নগদ ও বকেয়া লেনদেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. খাদ্যসামগ্রী ক্রয় ৭,০০০ টাকা; প্রারম্ভিক খাদ্যসামগ্রী ১,০০০ টাকা, ব্যবহৃত খাদ্য সামগ্রী ৬,০০০ টাকা হলে অব্যবহৃত খাদ্যসামগ্রীর পরিমাণ কত?

ক ৫,০০০ টাকা খ ৪,০০০ টাকা
গ ৩,০০০ টাকা ঘ ২,০০০ টাকা

১৮. অব্যবসায়ী প্রতিষ্ঠানে কোনটি নিয়মিত আয় নয়?

ক দনকর ভাড়া
খ ভর্তি ফি
গ নাটকের টিকিট বিক্রয়
ঘ আজীবন সভ্যের চাঁদা

১৯. চলতি বছরের ভাড়া বাবদ প্রদান ২০,০০০ টাকা। চলতি বছরের ভাড়া ১/৫ অংশ অপ্রদত্ত থাকলে ভাড়া খরচের পরিমাণ কত?

ক ২০,০০০ টাকা খ ২৪,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা ঘ ১৫,০০০ টাকা

২০. অনিয়ন্ত্রণযোগ্য ব্যয় কোনটি?

ক মজুরি খ কাঁচামালের অপচয়
গ প্রশাসনিক খরচ ঘ সম্পদের অবচয়

২১. কোন আর্থিক ত্যাগের বিনিময়ে কোন সুবিধা পাওয়া না গেলে তাকে কী বলে?

ক ব্যয় খ খরচ
গ ক্ষতি ঘ অপচয়

২২. প্রাপ্য হিসাবে হ্রাসকৃত অর্থ কোথায় দেখানো হয়?

ক অর্থায়নে যোগ করে
খ বিনিয়োগে যোগ করে
গ পরিচালনে যোগ করে
ঘ পরিচালনে বিয়োগ করে

২৩. খালেদা লি.-এর ২০১৩ সালের কয়েকটি তথ্য নিম্নরূপ:

| | |
|---|---|
| বন্ড প্রত্যার্পণ | ৫০,০০০ টাকা |
| বন্ডকে শেয়ারে রূপান্তর | ৮০,০০০ টাকা |
| শেয়ারের বিনিময়ে কলকব্জা ক্রয় | ১,০০,০০০ টাকা |
| নগদে শেয়ার ইস্যু | ১,২০,০০০ টাকা |

এক্ষেত্রে গুরুত্বপূর্ণ অনগদ কার্যক্রমের পরিমাণ কত?

ক ১,৩০,০০০ টাকা খ ১,৫০,০০০ টাকা
গ ১,৮০,০০০ টাকা ঘ ২,৩০,০০০ টাকা

২৪. অর্থসংস্থান কার্যক্রমের নগদ বহিঃপ্রবাহ হল—

i. লভ্যাংশ প্রদান
ii. অগ্রাধিকার শেয়ার প্রত্যার্পণ
iii. বন্ড প্রত্যার্পণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. উপার্জন বহির্ভূত দফা কোনটি?

ক বোনাস খ কমিশন
গ সিটি ভাতা ঘ আয়কর

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।

প্রত্যক্ষ কাঁচামাল ১,৫০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১,১০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৩৫,০০০ টাকা, অফিস ও প্রশাসনিক উপরিব্যয় ১৪,০০০ টাকা।

২৬. প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?

ক ৩০% খ ৩৫%
গ ৩১.৮২% ঘ ৩৩%

২৭. কারখানা ব্যয়ের ওপর অফিস ও প্রশাসনিক উপরি-ব্যয়ের শতকরা হার কত?

ক ৫% খ ৭%
গ ৬% ঘ ৪.৭৫%

২৮. চলতি অনুপাত ৩ : ১ হলে এবং চলতি দায়ের পরিমাণ ১৩,৫০০ টাকা হলে, চলতি মূলধনের পরিমাণ কত টাকা?

ক ২৭,০০০ টাকা খ ৪০,৫০০ টাকা
গ ১৩,০০০ টাকা ঘ ৩৯,০০০ টাকা

২৯. মজুদ আবর্তন অনুপাত নির্ণয়ের উপাদান কোনটি?

ক নিট বিক্রয় খ দেনাদার
গ বিক্রীত পণ্যের ব্যয় ঘ ধারে বিক্রয়

৩০. প্রারম্ভিক মজুদ ৩০,০০০ টাকা; ক্রয়কৃত পণ্যের ব্যয় ৪,০০,০০০ টাকা; বিক্রয় ৬,৩০,০০০ টাকা এবং সমাপনী মজুদ ৫০,০০০ টাকা হলে বিক্রয়ের ওপর মুনাফার হার কত?

ক ২৩.৮% খ ২৮.৫৭%
গ ৩১.৭৪% ঘ ৩৯.৬৮%

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com